ঝিনাইদহে জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ মোকাবেলা প্রশিক্ষণ

মানুষের জন্য ফাউন্ডেশনের সহযোগিতায় এইড ফাউন্ডেশনের বাস্তবায়নাধীন “জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্প” ঝিনাইদহ সদর উপজেলার কুমড়াবাড়িয়া ও কালিচরণপুর ইউনিয়নের ১৪ টি গ্রামে বাস্তবায়িত হয়ে আসছে।

তারই ধারাবাহিকতায় মানুষের জন্য ফাউন্ডেশনের আয়োজনে জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্পের উদ্যোগে উপজেলা সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নিয়ে ‘জেন্ডার ও নারীর মানবাধিকার’ বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়।

প্রশিক্ষণের শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন এইড ফাউন্ডেশনের সহকারী পরিচালক তন্ময় কুমার কুন্ডু। অনুষ্ঠানের উদ্বোধন করেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল। প্রশিক্ষণে সার্বিক সহযোগিতা করেন সিজিবিভি প্রকল্প টিম।

প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন কনসালটেন্ট সানাইয়া আনসারী, দিল আফরোজ আক্তার ও তৌফিক আল মামুন। অংশগ্রহণকারী হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সদর থানার প্রতিনিধিগন, উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা এলজিইডি কর্মকর্তা,

উপজেলা মহিলা বিষায়ক কর্মকর্তা, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা সহকারি কমিশনার ভূমি কর্মকর্তা, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ওসিসি কর্মকর্তা, ঝিনাইদহ সদর হাসপাতালের মেডিক্যাল অফিসার

মহেশপুরে সাংবাদিকের নামে মিথ্যা মামলার প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহের মহেশপুর প্রেস ক্লাবের সভাপতি আব্দুর রহমানের নামে মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

শনিবার সকালে উপজেলার ফতেপুর মাদ্রার সামনে এ কর্মসূচির আয়োজন করে মহেশপুরের গণমাধ্যমকর্মীরা। এতে ব্যানার ফেস্টুন নিয়ে উপজেলায় কর্মরত সংবাদকর্মী ও এলাকার নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

এ সময় বক্তব্য রাখেন, মহেশপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আব্দুস সেলিম, কোষাধ্যক্ষ জাহিদুল ইসলাম, সদস্য সাইফুল ইসলাম ও সত্য সংবাদ প্রকাশের ভিকটিম ফাতেমা খাতুন, ইউপি সদস্য আসাদুল ইসলাম প্রমুখ।

এ সময় বক্তারা বলেন, ফতেপুর গ্রামের মাদক ব্যবসায়ী, নারী নির্যাতনকারীদের বিরুদ্ধে সংবাদ প্রকাশ করায় ক্ষিপ্ত হয়ে সাংবাদিক আব্দুর রহমানকে হয়রানি করার জন্য মামলা করা হয়েছে। এ সময় বক্তারা, মামলাকে উদ্দেশ্যে প্রণোদিত ও মিথ্যা ষড়যন্ত্রমূলক উল্লেখ করে দ্রুত মামলা প্রত্যাহারের দাবী জানান।

ঝিনাইদহে পানিতে ডুবে শিশুর

মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার লাউদিয়া গ্রামে পুকুরের পানিতে ডুবে প্রীতি নামের ৩ বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। শনিবার সকালে এ ঘটনা ঘটে।

শিশু প্রীতি ওই গ্রামের পিকুল বিশ^◌াসের মেয়ে। স্বজনরা জানান, সকালে বাড়ির পাশে খেলা করছিল প্রীতি। খেলতে খেলতে হঠাৎ সে নিখোঁজ হয়।

পরিবারের লোকজন তাকে দেখতে না পেয়ে খোঁজাখুজির এক পর্যায়ে বাড়ির পাশের পুকুরে ভাসতে দেখে।

সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টে কোটচাঁদপুরের জয়

ঝিনাইদহ সদরের সাগান্না ইউনিয়নের উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় ম্যাচে ঝিনাইদহ বি একাদশের বিপক্ষে ২-০ গোলের ব্যবধানে জয় পেয়েছে কোটচাঁদপুর ফুটবল একাদশ।

আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন কোটচাঁদপুর ফুটবল একাদশের অধিনায়ক আনোয়ার হোসাইন। খেলায় দুটি গোলই করেন কোটচাঁদপুর একাদশের ১০ নম্বর জার্সি পরিহিত খেলোয়াড় সাকিম।

খেলা শেষে সেরা খেলোয়াড়-এর হাতে পুরস্কার তুলে দেন, ৩ নং সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান মোঃ আলাউদ্দিন আল মামুন ও সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ।

খেলাটির আয়োজন ও সার্বিক ব্যবস্থাপনায় রয়েছে উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব।

কালীগঞ্জে মাদরাসায় বই বিতরণ

ঝিনাইদহের কালীগঞ্জে শোয়াইবনগর কামিল মাদ্রাসার লাইব্রেরির জন্য কিতাব প্রদান করা হয়েছে।

সরাকারী বাংলা কলেজের সমাজকর্ম বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড.শাহেনার বেগম এর উদ্দোগে এ সকল বই প্রদান করা হয়।

বই প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহ – ৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মাদ্রাসার প্রতিষ্ঠাতা সুপার মওলানা মোমেনত, সলিমুন্নেছা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা এবং অত্র মাদ্রাসার অধ্যক্ষ, শিক্ষক মন্ডলী।

প্রধান অতিথির বক্তব্যে আনোয়ারুল আজীম আনার বলেন, বর্তমান সরকার মাদ্রাসা শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। সকলকে ধর্মীয় শিক্ষার পাশাপাশি আধুনিক শিক্ষায় শিক্ষিত হওয়ার জন্য বিশেষ ভাবে বলেন।

উল্লেখ্য ইতোপূর্বে ড. শাহেনারা বেগম কালীগঞ্জের বিভিন্ন মাদ্রাসায় বিভিন্ন দেশ থেকে সংগ্রহ করা ইসলামী গবেষণা কিতাব বিতরণ করেন।

ভূমিহীনদের আশ্রয়ণের জন্য

বরাদ্দকৃত জমি পরিদর্শন করলেন ইএনও

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় মুজিব শতবর্ষ উপলক্ষ্যে আশ্রয়ণ -২ প্রকল্পের অধীন “ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য গৃহ নির্মাণ কর্মসূচি” এর আওতায় ভূমিহীনদের মাঝে ঘর করে দেবার জন্য খাস জমি পরিদর্শন এবং পুনরদ্ধার করা হয়।

শনিবার সকালে বারোবাজার ও মালিয়াট ইউপির খাস জমি পরিদর্শন করেন কালীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা সুবর্ণা রানী সাহা। এ সময় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, সার্ভেয়ার, সংশ্লিষ্ট ইউপি সদস্য, সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তাসহ এলাকাবাসী উপস্থিত ছিলেন।

এর পূর্বে গত কয়েক দিন যাবৎ কালীগঞ্জ উপজেলার বিভিন্ন ইউপিতে বরাদ্দকৃত খাস জমি পরিদর্শন ও পুনরুদ্ধার কার্যক্রম পরিচালনা করে আসছে উপজেলা প্রসাশন।

কালীগঞ্জে বিশ্ব ডায়াবেটিস দিবস পালিত

ঝিনাইদহের কালীগঞ্জে বিশ্ব ডায়াবেটিস দিবস পালিত হয়েছে এবং একই সাথে কালীগঞ্জ ডায়াবেটিক সমিতির ৬ষ্ট প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

শনিবার সকালে সমিতির অফিস কক্ষে প্রধান অতিথি ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার কেক কেটে দিবসটির সূচনা করেন।

দিবসটি উপলক্ষে স্বাস্থ্য বিধি মেনে সমিতির অফিস কক্ষে আয়োজিত অনুষ্টানে বিশেষ অতিথি ছিলেন কালীগঞ্জ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী। কালীগঞ্জ ডায়াবেটিক সমিতির সাধারণ সম্পাদক গোলাম রসুলের সভাপতিত্বে উক্ত অনুষ্টানে আরো উপস্থিত

ছিলেন, কালীগঞ্জ ক্রীড়া ফেডারেশনের সভাপতি বাবু অজিৎ কুমার ভট্টাচার্য, সোনার বাংলা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শিবুপদ বিশ্বাস,

সাংবাদিক সোহেল আহম্মেদ, জামির হোসেন, আশিকুর রহমান সোহাগ, রিয়াজ মোল্লা, সমাজসেবক আব্দুল মতিন পাতা মিয়া ও ইফনুচ আলীসহ কালীগঞ্জ রিপ্রেজেন্টেটিভ এ্যাসোসিয়েশন (ফারিয়ার) সদস্যবৃদ।

কোটচাঁদপুরে কৃষকের মাঝে সার ও বীজ বিতরণ

“কৃষিই সমৃদ্ধি” এই স্লোগান নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে রবি/২০২০-২১ মৌসুমে ভুট্টা, সরিষা, বোরো, গম, পেয়াজ এবং খরিপ-১ মৌসুমে মুগের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মধ্যে বিনা মূল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণ করা হয়েছে। শনিবার সকালে উপজেলা পরিষদ চত্বরে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উপজেলার বিভিন্ন গ্রামের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে এই সার ও বীজ বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করে।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, আওয়ামী লীগ নেতা কাজী আলম, ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন, কাবিল উদ্দীন প্রমুখ।

উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্যমতে রবি/২০২০-২১ মৌসুমে উপজেলার ২ হাজার ১’শ ৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনা মূল্যে এই সার ও বীজ বিতরণ করা হবে।

কালীগঞ্জে বেড়েছে প্লাস্টিকের ব্যবহার

করোনা ভাইরাস প্রতিরোধে কালীগঞ্জে বেড়েছে প্লাস্টিকের গ্লাস ও প্লেটের ব্যবহার, ব্যবহার শেষে যা ফেলা হচ্ছে যত্রতত্র। যে কারণে দূষিত হচ্ছে পরিবেশ।

করোনার শুরু থেকে সংক্রমণ প্রতিরোধে কালীগঞ্জ শহরসহ গ্রামাঞ্চলের মানুষ ব্যবহার শুরু করে প্লাস্টিকের গ্লাস ও প্লেট। চায়ের দোকানে প্লাস্টিকের গ্লাসে চা খেয়ে ফেলে রাখা হচ্ছে যেখানে সেখানে। বিভিন্ন হোটেল, রেস্তোরাঁ, খাবার ও চায়ের দোকানে একবার ব্যবহৃত এই পাত্রগুলো ফেলা হচ্ছে পাশের পুকুর, ডোবা, ড্রেন কিংবা রাস্তার পাশে। ফলে দূষিত হচ্ছে পরিবেশ।

ব্যবসায়ীরা বলছেন, ক্রেতারা ওয়ান টাইম পাত্র ছাড়া খাচ্ছেন না। অতিরিক্ত খরচ হলেও এসব পাত্রে খাবার পরিবেশন করতে বাধ্য হচ্ছি। অনেকে ফেরি করে চা বিক্রি করছেন তারাও ওয়ান টাইম গ্লাসেই বিক্রি করছেন।

কালীগঞ্জ বাসস্ট্যান্ডের চা দোকানি রোকনুজ্জামান, রনজিত কুমার রায়, নিশিত কুমার ঘোষ, আবদুল আলিম, নুর ইসলাম বলেন করোনা শুরুর পর থেকে ওয়ান টাইম গ্লাসের ব্যবহার বেড়েছে। দোকানের সামনে গ্লাস ফেলার জন্য পাত্র দিলেও ক্রেতারা চা খেয়ে যেখানে সেখানে ছুঁড়ে ফেলছেন।

ত্রিমোহনীতে উদ্বোধনী খেলায়

কালিগঞ্জ জয়ী

ঝিনাইদহের সাগান্না ইউনিয়নের ‘উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব’ এর আয়োজন ত্রিমোহনী ফুটবল লীগের শুভ উদ্বোধন হয়েছে। উদ্বোধনী খেলায় কালিগঞ্জ হেলাই একাদশ হরিনাকুণ্ডু একাদশের বিপক্ষে ২-০ গোলে জয় লাভ করেছে।

গতকাল বিকাল ৩ টায় ৩ নং সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান মোঃ আলাউদ্দিন আল মামুন তার বক্তব্যের মাধ্যমে খেলার শুভ উদ্বোধন করেন।

এ সময় আরও বক্তব্য রাখেন, ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ, আওয়ামী লীগ নেতা ইউনুচ আলী ইনু।

এছাড়াও উপস্থিত ছিলেন ত্রিমোহনী মিল মালিক সমিতির সভাপতি মোঃ মোয়াজ্জেম হোসেন, সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক আরশাদ আলী, হুশিয়ার রহমান, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মোঃ নাজমুল হক তুর্পি, আঃ রশিদ, ফজলুল করিম, আমজাদ হোসেন, ফারুক সরকার।

ত্রিমোহনী ফুটবল লীগের দ্বিতীয় খেলা আগামী ১৪-১১-২০২০ রোজ শনিবার অনুষ্ঠিত হবে। উক্ত খেলায় কোটচাঁদপুর একাদশের বিপক্ষে লড়বে ঝিনাইদহ বি(ভাটই) একাদশ। লায়ন্স ক্লাবের কর্ণধার মোঃ বকুল হোসেন ও হাবিব মিয়া ফুটবল লীগের দ্বিতীয় খেলায় সকলকে আমন্ত্রণ জানান।